

‘বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস’

সকল প্রকার শিশুশ্রম নিরসন করার জন্য জরুরী ভিত্তিতে আইন প্রণয়ন ও সামাজিক সচেতনতা গড়ে তুলতে যথাযথ উদ্যোগ গ্রহণে চাইল্ডস রাইটস অ্যাডভোকেসি কোয়ালিশন ইন বাংলাদেশ-এর আহ্বান

১২ জুন বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস। ২০২২ সালে সরকার আন্তর্জাতিক শ্রম সংস্থা কনভেনশন নং ১৩৮ কর্মসংস্থানে যোগ দেওয়ার ন্যূনতম বয়স সংক্রান্ত কনভেনশন এবং বাধ্যতামূলক শ্রম কনভেনশনে ২০১৪ সালের আন্তর্জাতিক শ্রম সংস্থা প্রোটোকল অনুমোদন করেছে। তবুও বাংলাদেশের শিশুরা নানা ধরনের শিশুশ্রম এবং ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত রয়েছে। প্রত্যেক শিশুরই একটি স্বাভাবিক ও নিরাপদ পরিবেশে বেড়ে ওঠার অধিকার রয়েছে। তাই, চাইল্ড রাইটস অ্যাডভোকেসি কোয়ালিশন ইন বাংলাদেশ, শিশুদের স্বাভাবিক বিকাশ ও সার্বিক উন্নয়ন নিশ্চিত করে সকল প্রকার শিশুশ্রম নিরসন করার জন্য জরুরী ভিত্তিতে আইন প্রণয়ন ও সামাজিক সচেতনতা গড়ে তুলতে যথাযথ উদ্যোগ গ্রহণের আহ্বান জানাচ্ছে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্য অনুসারে, ২০২২ সালে দেশে ৫-১৭ বছর বয়সী শিশুর সংখ্যা ছিল ৩৯,৯৬৪,০০৫ বা ৩৯.৯৬ মিলিয়ন। তাদের মধ্যে যথাক্রমে শ্রমজীবী শিশুর সংখ্যা ৩,৫৩৬,৯২৭ জন। ঝুঁকিপূর্ণ শিশুশ্রমে নিয়োজিত শিশুর সংখ্যা ১,০৬৮,২১২। এসব শিশুরা শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। তাদের শিক্ষা, স্বাস্থ্য, বিনোদন তথা তাদের সার্বিক সুরক্ষার অধিকার লঙ্ঘিত হচ্ছে। এছাড়া, শিশুশ্রমে নিয়োজিত শিশুদের অপরাধমূলক কাজের সম্পৃক্ত হয়ে পড়ার প্রবণতা দেখা যাচ্ছে। বিপজ্জনক ও ঝুঁকিপূর্ণ সরঞ্জামের মাঝে দীর্ঘ সময় কাজ করা এবং কর্মক্ষেত্রে শোষণ শিশুর শারীরিক ও মানসিক বিকাশকে বাধাগ্রস্ত করে। বাংলাদেশ সরকার ২০২৫ সালের মধ্যে শিশুশ্রম নির্মূল করার লক্ষ্য নিয়েছে। তবে এ বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণের ঘাটতি আছে যা শ্রমজীবী শিশুর পরিসংখ্যান লক্ষ্য করলে ধারণা পাওয়া যায়। উল্লেখ্য, শিশুশ্রম বিষয়ে বিদ্যমান সাংবিধানিক ও আইনি বিধি-বিধান থেকে জানা যায়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে শিশুসহ সব নাগরিকের মৌলিক অধিকারকে স্বীকৃতি দেওয়া হয়েছে। সংবিধানের অনুচ্ছেদ ১১, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯ এবং ২০ অর্থাৎ রাষ্ট্র পরিচালনার মূলনীতি অংশে শিশুদের জন্য বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষাসহ শারীরিক ও মানসিক প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণের উদ্যোগের ওপর জোর দেওয়া হয়েছে। তাই, বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবসকে সামনে রেখে চাইল্ডস রাইটস অ্যাডভোকেসি কোয়ালিশন ইন বাংলাদেশ- এর দাবি-

- তালিকা অনুযায়ী ঝুঁকিপূর্ণ কাজে শিশুদের নিয়োগ রোধে পরিবিক্ষণ ও প্রতিরোধ ব্যবস্থা জোরদার করা;
- গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ আইন গ্রহণ করা;
- শিশুশ্রমের ক্ষতিকর প্রভাব সম্পর্কে সচেতনতা সৃষ্টির জন্য রাষ্ট্রের সক্রিয়, উদ্যোগী ও আরও দায়িত্বশীল ভূমিকা পালন করা ;
- শিশুশ্রম নিরশনে বিদ্যমান আইন ও নীতিমালাগুলোর মধ্যে সামঞ্জস্যতা নিশ্চিত করা ;
- আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে প্রয়োজনীয় পর্যবেক্ষণ ব্যবস্থা জোরদার করা ;